

সময়মত পৌরকর পরিশোধ
করণ

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
রাজস্ব বিভাগ

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

“বিজ্ঞপ্তি”

৪১টি ওয়ার্ডের পঞ্চবার্ষিকী কর মূল্যায়ন (কর ও রেইট) এর মূল্য নির্ধারণী তালিকা প্রকাশিত

দি সিটি কর্পোরেশন (ট্যাক্সেশান) রুলস, ১৯৮৬ এর ২৩ বিধি অনুযায়ী ‘সি’ ফরমে অত্র কর্পোরেশনের ৪১টি ওয়ার্ড অর্থাৎ ১নং দক্ষিণ পাহাড়তলী, ২নং জালালাবাদ, ৩নং পাঁচলাইশ, ৪নং চান্দগাঁও, ৫নং মোহরা, ৬নং পূর্ব ষোলশহর, ৭নং পশ্চিম ষোলশহর, ৮নং গুলকবহর, ৯নং উত্তর পাহাড়তলী, ১০নং উত্তর কাউলী, ১১নং দক্ষিণ কাউলী, ১২নং সরাইপাড়া, ১৩নং পূর্ব পাহাড়তলী, ১৪নং লালখান বাজার, ১৫নং বাগমনিরাম, ১৬নং চকবাজার, ১৭নং পশ্চিম বাকলিয়া, ১৮নং পূর্ব বাকলিয়া, ১৯নং দক্ষিণ বাকলিয়া, ২০নং দেওয়ানবাজার, ২১নং জামালখান, ২২নং এনায়েতবাজার, ২৩নং উত্তর পাঠানটুলী, ২৪নং উত্তর আছাবাদ, ২৫নং রামপুর, ২৬নং উত্তর হালিশহর, ২৭নং দক্ষিণ আছাবাদ, ২৮নং পাঠানটুলী, ২৯নং পশ্চিম মাদারবাড়ী, ৩০নং পূর্ব মাদারবাড়ী, ৩১নং আলকরন, ৩২নং আন্দরকিল্লা, ৩৩নং ফিরিস্তীবাজার, ৩৪নং পাথরঘাটা, ৩৫নং বক্সিরহাট, ৩৬নং গোসাইলডাঙ্গা, ৩৭নং উত্তর মধ্যম হালিশহর, ৩৮নং দক্ষিণ মধ্যম হালিশহর, ৩৯নং দক্ষিণ হালিশহর, ৪০নং উত্তর পতেঙ্গা, ৪১নং দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ডের পঞ্চবার্ষিকী কর মূল্যায়ন (কর ও রেইট) এর তালিকা প্রণীত হয়। উক্ত পঞ্চবার্ষিকী কর মূল্যায়ন নির্ধারণী তালিকা (কর ও রেইট) কর্তৃপক্ষ কর্তৃক যথাযথভাবে অনুমোদিত হয়। যা ২০১৭-১৮ আর্থিক সনের ১ম কোয়ার্টার অর্থাৎ ০১-০৭-২০১৭খ্রিঃ তারিখ হতে কার্যকরী করা হয়েছে। যাহা সম্মানিত করদাতাদের অবগতির জন্য প্রকাশ করা হল।

সংশ্লিষ্ট ওয়ার্ডের সম্মানিত হোল্ডিং মালিকগণ (করদাতা) প্রস্তুতকৃত পঞ্চবার্ষিকী (কর ও রেইট) কর মূল্যায়নের প্রকাশিত তালিকা সংশ্লিষ্ট রাজস্ব সার্কেল এবং ওয়ার্ড অফিস হতে অফিস চলাকালীন সময়ে দেখতে পারবেন। ধার্যকৃত বার্ষিক মূল্যায়নে কোন করদাতা অসন্তুষ্ট হলে যুক্তিসঙ্গত আপত্তি “পি” ফরমে লিপিবদ্ধ করে বিজ্ঞপ্তি প্রচারের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অর্থাৎ আগামী ০৪-০৯-২০১৭খ্রিঃ হতে ০৩-১০-২০১৭খ্রিঃ তারিখ পর্যন্ত নগর ভবনস্থ প্রধান কার্যালয়, রাজস্ব বিভাগ, আন্দরকিল্লা এবং রাজস্ব সার্কেল ১-৮নং হতে নির্ধারিত ফরম (“পি” ফরমে) সংগ্রহ করে আপত্তি দায়ের করতে পারবেন। দায়েরকৃত আপত্তি দ্রুত সময়ের মধ্যে আপিল রিভিউ বোর্ডের মাধ্যমে নিষ্পত্তি করা হবে। আপিল নিষ্পত্তি পর্যন্ত পূর্ববর্তী ধার্যকৃত মূল্যায়নে কর ও রেইট পরিশোধ করতে পারবেন, যা পরবর্তীতে সমন্বয় করা হবে। এ বিজ্ঞপ্তি জারীর ৩০ (ত্রিশ) দিন পর অর্থাৎ ০৩-১০-২০১৭খ্রিঃ তারিখের পর আর কোন আপত্তি গ্রহণ করা হবে না।


মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৩.১১, ১৬৩. ০৫৩, ১৭. ৪৭-১৭. ২২৪ (২০১) তারিখ : ২২/০৮/১৭ খ্রিঃ